

স্কুল ভবন নদীতে বিলীন ক্লাস চলে মাঠে

■ বেড়া (পাবনা) সংবাদদাতা

মাত্র মাস দুয়েক আগেও ওদের বিদ্যালয় ভবন ছিল। সেখানে ওরা ক্লাস করেছে। স্কুলের সামনে খোলা মাঠ ছিল। সেখানে ওরা খেলাধুলা করেছে। কিন্তু সর্বনাশা যমুনার করাল গ্রাসে অনেক বাড়ি-ঘরের সঙ্গে হারিয়ে গেছে দক্ষিণ চর পেচাকোলা প্রাথমিক বিদ্যালয়টি।

সব হারিয়ে তারা ক্লাস করার জন্য বেছে নিয়েছে পার্শ্ববর্তী একটি মাদ্রাসার খোলা মাঠ। তবে মাদ্রাসাটিও ছিল ভাঙনের হুমকিতে। তবে এবারের মতো রক্ষা পেয়েছে। ফলে ৪৭৫ জন ছাত্র-ছাত্রীর ক্লাসটির বর্তমান কার্যক্রম চলেছে খোলা

মাঠেই।

স্কুল ভেঙে যাওয়ার পর থেকেই বিদ্যালয়ের উপস্থিতি একেবারে কমে গেছে। অনেকেই স্কুলে আসছে না। আবার অনেকে তাদের বাড়ি-ঘর ভেঙে অন্যত্র চলে গেছে। ফলে সবমিলিয়ে ৫০-৬০ জন ছাত্র-ছাত্রী উপস্থিত হয়।

বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আব্দুল জব্বার বলেন, নতুন একটি স্থানে মাটি ভরাটের কাজ শুরু হয়েছে। প্রাথমিক পর্যায়ে একটি দিনের ঘর তুলে শ্রেণি কার্যক্রম শুরু করা হবে।